গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার শূন্য পদ পূরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ জনাব মোঃ ফাইজুল কবীর,
যুগ্মসচিব (প্রশাসন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
তারিখ ঃ ১৪ জুলাই ২০১৬, বৃহস্পতিবার
সময় ঃ সকাল- ১১.০০ ঘটিকা
স্থান ঃ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে প্রদত্ত হলো।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার শূন্য পদের তালিকা এবং শূন্য পদ পূরণের জটিলতা সম্পর্কে সভায় উপস্থাপনের জন্য দপ্তর/সংস্থার প্রতিনিধিগণকে আহ্বান জানান। সভায় পর্যায়ক্রমে নিম্নবর্ণিত আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) <u>যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ঃ</u>

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার সিনিয়র সহকারী সচিব সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয়ে ০৫-০৯ গ্রেড এ ০৬ টি পদ শূন্য রয়েছে। শূন্যপদসমূহ জনপ্রশাসন মন্ত্রণালয় ও পরিকল্পনা বিভাগ কর্তৃক পূরণযোগ্য। ০২ জন সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে পদায়নের জন্য গত ১৯-০৬-২০১৬ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে। ১০ম গ্রেডে মোট ০৭ টি পদ শূন্য রয়েছে। তন্মধ্যে ব্যক্তিগত কর্মকর্তা ও প্রশাসনিক কর্মকর্তার ০৬ টি পদে নিয়োগ বিধি ২০১৪ মোতাবেক পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য ফিডার পদধারীগণ রীট পিটিশন দায়ের করেছেন। রীট পিটিশনটি বিচারাধীন রয়েছে। ১১-১৬ নং গ্রেডে ০৬ টি পদ শূন্য রয়েছে। তন্মধ্যে ০১ টি পদ পদোন্নতির মাধ্যমে ও ১ টি পদ মুক্তিযোদ্ধা কোটায় পূরণযোগ্য এবং ০১ টি পদ সংরক্ষিত। অপর ০৩ টি পদে নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। গ্রেড-২০ (অফিস সহায়ক)-এর ০৪ টি পদ শূন্য রয়েছে। তন্মধ্যে ০১ টি পদে নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে।

## <u>সিদ্ধান্তঃ</u>

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ১১-২০ নং গ্রেডের ০৪ টি পদে নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।

## <u>যুব উন্নয়ন অধিদপ্তরঃ</u>

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালকের ০১ টি পদ শূন্য রয়েছে। যা পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য। পদোন্নতিযোগ্য প্রার্থী না থাকলে উহা প্রেষণের মাধ্যমে পূরণযোগ্য। এছাড়া বিভিন্ন গেডে মোট ৯৩২ টি পদ শূন্য রয়েছে।

উল্লিখিত শূন্য পদের মধ্যে সরাসরি পন্থায় নিয়োগযোগ্য ৪৩২ টি, এর মধ্যে ৩৪০ টি পদের ছাড়পত্র নিয়ে অধিদপ্তর নিয়োগ কার্যক্রম শুরু করেছে। আরো ১৮৯ টি পদের ছাড়পত্র নিয়ে অধিদপ্তর শীঘ্রই মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবে মর্মে পরিচালক (প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর সভায় জানান। এছাড়াও কিছু কিছু পদ রয়েছে যা পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য এবং কিছু কিছু পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য। বিভিন্ন পদের পদোন্নতির লক্ষ্যে পদভিত্তিক জ্যেষ্ঠতার খসড়া তালিকা প্রকাশ করা হয়েছে। জ্যেষ্ঠতা নির্ধারণ চূড়ান্ত হলে শূন্য পদসমূহ পদোন্নতির মাধ্যমে পূরণ করা সম্ভব হবে। উপপরিচালকের ফিডার পদধারীর সংখ্যা ১২ টি । এর মধ্যে সহকারী পরিচালক পদধারীগণ তাঁদের জ্যেষ্ঠতা নিয়ে আদালতে ০৩ টি রীট মামলা রুজু করেন। যা বর্তমানে বিচারাধীন রয়েছে। ফলে উপপরিচালক পদের জন্য সমন্বিত জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুত না হওয়া পর্যন্ত পদোন্নতি দেয়া যাচ্ছে না। সিনিয়র প্রশিক্ষক/সিনিয়র ইন্সট্রাকটর এর ২৩ টি পদে পদোন্নতির প্রস্তাব বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণ করা হয়েছে। গাড়ী চালকের ২৮ টি (গাড়ীচালকের মোট পদ ৩৪ টি) পদসহ মোট ২৫০ টি পদ নিয়মিত সংরক্ষণ করা হয়নি। সে প্রেক্ষিতে উক্ত পদ সমূহে নিয়োগ বা পদোন্নতি দেয়া সম্ভব হচ্ছে না। গাড়ীচালকের ০৬ টি পদ আউটসোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য।

সিদ্ধান্তঃ

ক) যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালকের শূন্য পদের বিপরীতে প্রেষণে ০১ জন কর্মকর্তা নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ জানাতে হবে।

খ) যে সমস্ত পদে পদোন্নতির জন্য পিএসসিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে সে বিষয়ে পিএসসির সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।

গ) যে সমস্ত পদের বিষয়ে কোন মামলা নেই সে সমস্ত পদের জ্যেষ্ঠতা নির্ধারণ চূড়ান্ত করে সেপ্টেম্বর/২০১৬ এর মধ্যে পদোন্নতির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

ঘ) গাড়ীচালকের ০৬ টি শূন্য পদে দ্রুত নিয়োগ সম্পন্ন করতে হবে।

ঙ) যে ২৫০ টি পদ নিয়মিত সংরক্ষণ করা হয়নি সে সমস্ত পদের কাগজপত্রাদি খুঁজে বের করে দ্রুত সংরক্ষণের উদ্যোগ নিতে হবে।

চ) যে সমস্ত পদের জ্যেষ্ঠতার ক্ষেত্রে মামলা রয়েছে সে সকল মামলা দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।

ছ) যে সকল পদে নিয়োগ এবং পদোন্নতিতে মামলা সংক্রান্ত জটিলতা নেই সে সকল পদের নিয়োগ এবং পদোন্নতির কার্যক্রম সেপ্টেম্বর/২০১৬ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

জ) মামলা সংক্রান্ত জটিলতা নিরসনে আদালতে সময়মত জবাব প্রেরণ করতে ও রাষ্ট্রপক্ষে জোরালো তদবির করতে হবে।

(ঝ) সহকারী পরিচালক এর ১২ টি পদ ও হিসাব রক্ষণ কর্মকর্তার ১ টি পদ সেপ্টেম্বর/২০১৬ এর মধ্যে পদোন্নতির মাধ্যমে পূরণ করতে হবে।

(ঞ) সিনিয়র প্রশিক্ষক (মৎস্য ও কমিউনিটি ) ডেভেলপমেন্ট অফিসার পদে পদোন্নতির প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(ট) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার ৪৭ টি শূন্য পদ আগামী অক্টোবর/২০১৬ এর মধ্যে পদোন্নতির মাধ্যমে পূরণ করতে হবে।

(ঠ) সহকারী হিসাব রক্ষক ও প্রধান সহকারী কাম হিসাব রক্ষক এর মোট ০৬ টি পদে অক্টোবর/২০১৬ এর মধ্যে নিয়োগ সম্পন্ন করতে হবে।

(ড) ছাড়পত্রপ্রাপ্ত শূন্য পদের নিয়োগ দ্রুত সম্পন্ন করতে হবে এবং পূরণযোগ্য অবশিষ্ট পদের ছাড়পত্রের জন্য শীঘ্রই মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠাতে হবে।

## ক্রীড়া পরিদপ্তরঃ

ক) ক্রীড়া পরিদপ্তরের জেলা ক্রীড়া কর্মকর্তা ও প্রভাষক পদের শূন্য পদ পূরণের জন্য পিএসসি তে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। অন্যান্য শূণ্য পদে নিয়োগ আগামী ডিসেম্বর/২০১৬ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

## বিকেএসপি

ক) বিকেএসপি এর ৩৩ টি শূন্য পদের নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। ১১ টি পদের পদোন্নতি প্রদানের জন্য বিধি বিধান অনুযায়ী জ্যেষ্ঠতা তালিকা প্রকাশ করতে হবে।

## জাতীয় ক্রীড়া পরিষদ

ক) জাতীয় ক্রীড়া পরিষদ এর প্রতিনিধি সভাকে জানান ৪৮ টি শূন্য পদে নিয়োগের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে ছাড়পত্র পাওয়া গিয়েছে। নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। আবেদনপত্র যাচাই বাছাই সম্পন্ন হয়েছে। ইন্টারভিউ কার্ড ইস্যু করা হচ্ছে। সেপ্টেম্বর/২০১৬ এর মধ্যে নিয়োগ সম্পন্ন করতে হবে ।

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ ফাইজুল কবীর)
যুগ্মসচিব (প্রশাসন)
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪১.০১.০০২.১৬.৮২৩ তারিখঃ ২৭-০৭-২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, বিকেএসপি, সাভার, ঢাকা
৩। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৪। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৫। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, ঢাকা।
৬। যুগ্মসচিব(প্রশাসন)/(ক্রীড়া)/(যুব)/(যুব-১)/(ক্রীড়া-২)এর ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৮। সিঃ সহকারী সচিব/ সহকারী সচিব (যুব-১)/(ক্রীড়া-১)/(ক্রীড়া-২),যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৯। সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
(ইহা ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

(হোসনা আফরোজা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫০৩

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার বিভিন্ন ক্যাটাগরির শূন্য পদ পূরণের জটিলতা নিরসনের লক্ষ্যে ১৪-০৭-২০১৬ তারিখে অনুষ্ঠিত সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা/স্বাক্ষর

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | টেলিফোন/মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মোঃ আব্দুল মজিদ<br>যুগ্ম-সচিব | | [signature] ১৪/৭/১৬ |
| ২ | মাহমুদা আখতার<br>যুগ্মসচিব | | [signature] ১৪/৭/২০১৬ |
| ৩ | গৌতম চন্দ্র পাল<br>উপসচিব | | [signature] ১৪/৭/২০১৬ |
| ৪ | মোহাম্মদ গোলাম কবির<br>সিনিয়র সহকারী-সচিব | | [signature] ১৪/০৭/১৬ |
| ৫ | রেহানা আখতার<br>সিনিয়র সহকারী-সচিব | | [signature] ১৪/৭/১৬ |
| ৬ | [illegible]<br>সহঃ সচিব (ক্রীড়া-১) | | [signature] |
| ৭ | [illegible] আখতার<br>সহঃ সচিব (ক্রীড়া-২) | | [signature] ১৪/৭/২০১৬ |
| ৮ | মো: [illegible] হোসেন<br>[illegible]<br>উপ-পরিচালক | | [signature] ১৪/০৭/১৬ |
| ৯ | মো: [illegible] আলম<br>সহকারী পরিচালক (প্র: দ:)<br>ক্রীড়া পরিদপ্তর | 01711602047 | [signature] ১৪/৭/১৬ |
| ১০ | [illegible]<br>উপসচিব<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | 01818-427379<br>01911-101124 | [signature] ১৪/০৭/১৬ |

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার বিভিন্ন ক্যাটাগরির শূন্য পদ পূরণের জটিলতা নিরসনের লক্ষ্যে ১৪-০৭-২০১৬ তারিখে অনুষ্ঠিত সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা/স্বাক্ষর

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | টেলিফোন/মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১ | এ কে এম সফিকুল ইসলাম<br>উপপরিচালক (প্রশাসন) | ০১৭১১৫৭১১১২ | ১৪/৭/১৬ |
| ১২ | এ.বি.এম. কামরুল আহসান<br>পরিচালক (প্রা: ও পর্য) | ০১৭৪২৭৪৭৭৭৮ | ১৪/০৭/১৬ |
| ১৩ | | | |
| ১৪ | | | |
| ১৫ | | | |
| ১৬ | | | |
| ১৭ | | | |
| ১৮ | | | |
| ১৯ | | | |
| ২০ | | | |